The Financial Express

22 March 2022

# Protect bidi industry

*Demand bidi workers*

Kushtia Bidi Sramik Sangram Parishad has staged a demonstration calling for protecting the bidi industry from the aggression of multinational companies and to reduce tariffs on bidis in the next budget, says a press release.

About 1,000 workers participated in the demonstration held in front of Kushtia Public Library around 11:00 am on Sunday to press home their demand.

After the demonstration, the leaders of the organisation submitted a memorandum to the chairman of the National Board of Revenue through the Kushtia chamber of commerce.

Nazim Uddin, vice-president of Bangladesh Bidi Sramik Federation, presided over the demonstration while M Azgar Ali, general secretary of Kushtia District Awami League, attended it as the chief guest.

https://today.thefinancialexpress.com.bd/trade-market/protect-bidi-industry-1647882459

THE ASIAN AGE
your access to information

03 March 2022

Bidi workers demand withdrawal of advance tax in Khulna



A human chain was formed on Wednesday in Khulna demanding withdrawal of ten percent advance income tax imposed on bidis. -AA

Khulna District Bidi Sramik Sangram Parishad on Wednesday formed a human chain demanding withdrawal of ten percent advance income tax imposed on bidis.

Thousands of bidi workers attended the human chain in front of Khulna Chamber of Commerce around 11:00am demanding to press home their five-point charter of demand.

Their five-point demands are- taking steps not to issue license on the bidi factory, stopping fake bidi companies, launching a law to protect the workers and owners engaged in the bidi industry. Addressing the human chain, speakers said that the livelihood of the helpless, extremely poor, physically handicapped, widows and many other families of the society depends on the bidi industry.

The country's founding president Bangabandhu Sheikh Mujibur Rahman declared bidi industry from duty free considering the common people and helpless workers of this country.

Prime Minister Sheikh Hasina, in her budget speech for the fiscal year 2009-2010, directed to reduce the duty on bidis and increase the duty on cigarettes. But the British American Tobacco Company used some of the country's most corrupt bureaucrats to impose exorbitant taxes on bidis, they claimed.

Following the matter, bidi owners were being forced to close their factories as they could not bear the tax burden. They strongly condemned and protested against this conspiracy. The workers, at the same time, demanded the introduction of social security schemes for the welfare of bidi owners and workers in neighboring countries like India, they added. Bidi workers leaders Abdur Rahman, Nazim Uddin, Harik Hossain, Abdul Gafur, Anowar Hossain, Abdus Salam Munsi and others spoke on the occasion.

https://dailyasianage.com/news/282793/bidi-workers-demand-withdrawal-of-advance-tax-in-khulna

বাংলা ট্রিবিউন

20 March 2022

# বিড়ি শিল্প রক্ষায় কুষ্টিয়ায় শ্রমিক সমাবেশ



বিদেশি বহুজাতিক কোম্পানির আগ্রাসন থেকে বিড়ি শিল্প রক্ষার্থে বিড়ি শ্রমিক সমাবেশ

বিদেশি বহুজাতিক কোম্পানির আগ্রাসন থেকে বিড়ি শিল্প রক্ষার্থে বিড়ি শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১টায় কুষ্টিয়া পাবলিক লাইব্রেরি মাঠে কুষ্টিয়া বিড়ি শ্রমিক সংগ্রাম পরিষদের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে আগামী বাজেটে বিড়িতে শুল্ক কমানো, বিড়ির ওপর অর্পিত অগ্রিম ১০ শতাংশ আয়কর প্রত্যাহার, বিড়ি শ্রমিকদের সুরক্ষা আইন প্রণয়ন, সরেজমিনে পরিদর্শন ব্যতিরেকে বিড়ি কারখানার লাইসেন্স প্রদান বন্ধ করা এবং কাস্টমস কর্তৃপক্ষকে নকলবাজদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান শ্রমিকরা। সমাবেশ শেষে কুষ্টিয়া চেম্বার অব কমার্সের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান বরাবর স্মারকলিপি প্রদান করেন শ্রমিক নেতারা।

বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের যুগ্ম সম্পাদক হারিক হোসনের সঞ্চালনায় সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের সহ-সভাপতি নাজিম উদ্দিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মো. আজগর আলী।

প্রধান বক্তা হিসেবে এতে বক্তব্য রাখেন বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক আব্দুর রহমান। বিষেশ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক গোলাম মোস্তফা, কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সভাপতি আনারুল হক, কুষ্টিয়া শহর শ্রমিক লীগের সভাপতি ইব্রাহীম স্বপন, বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের কার্যকরী সভাপতি আমিন উদ্দিন (বিএসসি), সাংগঠনিক সম্পাদক আব্দুল গফুর, প্রচার সম্পাদক শামীম ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক আবুল হাসনাত লাবলু, কার্যকরী সদস্য আনোয়ার হোসানে ও বিড়ি শ্রমিক নেতা ছাদ আলী প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, ‘দেশের প্রাচীন শ্রমঘন বিড়ি শিল্পে সমাজের অসহায়, সুবিধা বঞ্চিত, হতদরিদ্র, শারীরিক বিকলঙ্গ, বিধবাসহ লাখ লাখ শ্রমিক কাজ করে জীবিকা নির্বাহ করেন। অথচ বিদেশি বহুজাতিক কোম্পানির ষড়যন্ত্রে দেশের প্রাচীন শ্রমঘন এই শিল্প ধ্বংস করা হচ্ছে। তারা এদেশের মানুষের ফুসফুস পুড়িয়ে বিদেশে হাজার হাজার কোটি টাকা পাচার করছে। একইসঙ্গে ব্রিটিশ বেনিয়াদের দোসররা বিড়ি শিল্প ও শ্রমিক ধ্বংস করতে বিভিন্ন অপপ্রয়াস চালিয়ে যাচ্ছে। এমনকি বিড়ি শ্রমিকদের নিয়ে গবেষণার

নামে তারা বহুজাতিক কোম্পানির সাজানো নাটকের মঞ্চায়ন করে মনগড়া ফল প্রকাশের মাধ্যমে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করেছে। তাদের এই ষড়যন্ত্র বন্ধ না হলে আমরা শ্রমিকদের নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তুলবো।'

বক্তারা আরও বলেন, 'বিদেশি সিগারেট কোম্পানিগুলোকে একচেটিয়া ব্যবসার সুযোগ করে দিতে কতিপয় অসাধু আমলা বিড়ির ওপর মাত্রাতিরিক্ত করের বোঝা চাপিয়ে দিচ্ছে। বিড়ি মালিকরা এই মাত্রাতিরিক্ত করের বোঝা সহ্য করতে না পেরে কারখানা বন্ধ করতে বাধ্য হচ্ছে। ফলে বিড়ি কারখানায় নিয়োজিত শ্রমিকরা কর্ম হারিয়ে বেকার জীবনযাপন করছেন। কর্মসংস্থান না থাকায় পরিবার নিয়ে অনাহারে, অর্ধাহারে দিনাতিপাত করছেন। শুল্ক বৃদ্ধি হওয়ায় অসাধু ব্যবসায়ীরা শুল্ক ফাঁকি দিতে জালব্যান্ডরোল ও ব্যান্ডরোলবিহীন নকল বিড়ি তৈরি করে বাজারজাত করছে। এতে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়া বিদেশি বহুজাতিক কোম্পানির যোগসাজসে কিছু দুর্নীতিগ্রস্ত কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন ব্যতিরেকে অস্তিত্বহীন বিড়ি কারখানার লাইসেন্স প্রদান করে যাচ্ছে। ফলে নকল বিড়ি উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। একইসঙ্গে সরকারের কাছে বিড়ি শ্রমিকদের কল্যাণে সামাজিক সুরক্ষা প্রকল্প চালুর দাবি জানাই।'

https://www.banglatribune.com/country/khulna/734392/বিড়ি-শিল্প-রক্ষায়-কুষ্টিয়ায়-শ্রমিক-সমাবেশ%C2%A0

02 March 2022

# বিড়ি শিল্প রক্ষার দাবিতে মানববন্ধন

দেশীয় শ্রমিকবান্ধব বিড়ি শিল্প ধ্বংসে বিদেশি বহুজাতিক কোম্পানির ষড়যন্ত্রের প্রতিবাদে মানববন্ধন করেছে খুলনা জেলা বিড়ি শ্রমিক সংগ্রাম পরিষদ।



বুধবার (২ মার্চ) বেলা সাড়ে ১১টায় খুলনা চেম্বার অব কমার্সের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে আগামী বাজেটে বিড়িতে শুল্ক কমানো, বিড়ির ওপর অর্পিত অগ্রিম ১০ শতাংশ আয়কর প্রত্যাহার, বিড়ি শ্রমিকদের সুরক্ষা আইন প্রণয়ন, সরেজমিনে পরিদর্শন ব্যতিরেকে বিড়ি কারখানার লাইসেন্স না দেওয়া এবং নকল বিড়ি বন্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান শ্রমিকরা।

মানববন্ধনে বক্তারা বলেন, প্রাচীন শ্রমঘন বিড়ি শিল্পে খুলনাসহ দেশের অসহায়, হতদরিদ্র, স্বামী পরিত্যক্তা, নদী ভাঙন কবলিত জনগণ, শারীরিক বিকলঙ্গসহ লাখ লাখ সুবিধাবঞ্চিত শ্রমিক কাজ করে জীবিকা নির্বাহ করে। অথচ বিদেশি বহুজাতিক কোম্পানির ষড়যন্ত্রে দেশের প্রাচীন শ্রমঘন এ শিল্পটি ধ্বংস করা হচ্ছে। বিড়ির ওপর মাত্রাতিরিক্ত করের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। এ কারণে একের পর এক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। ফলে শ্রমিকরা বেকার হয়ে মানবেতর জীবন যাপন করছে। এছাড়া বিড়ির শুল্ক বৃদ্ধি পাওয়ায় অসাধু ব্যবসায়ীরা জালব্যান্ডরোল ও ব্যান্ডরোলবিহীন নকল বিড়ি তৈরি করে বাজারজাত করছে। ফলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।

বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের যুগ্ম সম্পাদক হারিক হোসেনের সঞ্চালনায় মানববন্ধনে সভাপতিত্ব করেন খুলনা বিড়ি শ্রমিক সংগ্রাম পরিষদের সভাপতি আব্দুস সালাম মুন্সি। মানববন্ধনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক আব্দুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের সহসভাপতি নাজিম উদ্দিন, সাংগঠনিক সম্পাদক আব্দুল গফুর, কার্যকরী সদস্য আনোয়ার হোসেন প্রমুখ।

মানববন্ধন শেষে খুলনা চেম্বার অব কমার্সের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান বরাবর স্মারকলিপি প্রদান করেন শ্রমিক নেতারা।

https://www.somoynews.tv/news/2022-03-02/বিড়ি-শিল্প-রক্ষার-দাবিতে-মানববন্ধন

Barta24 বাংলার, বাঙালির সংবাদ সারথি
বার্তা২৪

12 February 2022

# শুল্ক কমানোর দাবিতে বিড়ি শ্রমিকদের মানববন্ধন




বিড়িতে শুল্ক কমানো দাবিতে বরিশালে বিড়ি শ্রমিকদের মানববন্ধন

আগামী বাজেটে বিড়িতে শুল্ক কমানো, বিড়ির উপর অর্পিত ১০ শতাংশ অগ্রিম আয়কর প্রত্যাহারসহ ৫ দফা দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে বরিশাল জেলা বিড়ি শ্রমিক সংগ্রাম পরিষদ।

শনিবার বিকাল ৩ টায় বরিশাল চেম্বার অব কমার্স এর সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ বিড়ি শ্রমিক ফেডারেশনের সিনিয়র সহ সভাপতি লোকমান হাকিমের সভাপতিত্ব মানববন্ধনে বক্তব্য রাখেন বিড়ি শ্রমিক নেতা শাহিন হাওলাদার, সুমন সাহা, ফারহাদ হোসেন, সোহাগ মিয়া, শাহিন খলিফা প্রমুখ।

শ্রমিকদের অন্যান্য দাবিগুলো হলো- সরেজমিনে পরিদর্শন ব্যতিরেখে বিড়ি কারখানার লাইসেন্স না দেওয়া, কাস্টমস্ কর্তৃপক্ষকে আইনী প্রক্রিয়ায় নকল বিড়ি বন্ধে পদক্ষেপ নেওয়া এবং বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিক ও মালিকদের সুরক্ষা আইন প্রণয়ন করা।



---

মানববন্ধনে বক্তারা বলেন, সমাজের অসহায়, হতদরিদ্র, শারীরিক বিকলঙ্গ, বিধবাসহ অসংখ্য শ্রমিকের পরিবারের রুটি-রুজি নির্ভর করে বিড়ি শিল্পের উপর। স্বাধীনতার পর এদেশের সাধারণ মানুষ ও অসহায় শ্রমিকদের কথা বিবেচনা করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিড়ি শিল্পকে শুল্কমুক্ত ঘোষণা করেন। শ্রমবান্ধব প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯-২০১০ অর্থবছরের বাজেট বক্তৃতায় বিড়িতে শুল্ক কমিয়ে সিগারেটে শুল্ক বৃদ্ধির নির্দেশনা দেন। কিন্তু ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানী এদেশের কিছু দুর্নীতিগ্রস্থ আমলাকে ব্যবহার করে বিড়ির উপর চাপিয়ে দেওয়া হয় মাত্রাতিরিক্ত করের বোঝা। ফলে করের বোঝা সহ্য করতে না পেরে বিড়ি মালিকরা কারখানা বন্ধ করতে বাধ্য হচ্ছে। কারখানা বন্ধ হওয়ায় কর্ম হারিয়ে বেকার হয়ে পড়ছে বিড়ি শ্রমিকরা। অন্য কাজ না পেয়ে অনাহারে, অর্ধাহারে দিনাতিপাত করছে।”

বক্তরা আরো বলেন, বিড়ি শিল্প দেশীয় শ্রমিকবান্ধব শিল্প। বিড়ি শতভাগ দেশীয় প্রযুক্তি নির্ভর শিল্প। এতে ব্যবহৃত সকল কাঁচামাল দেশেই উৎপাদিত। অথচ বিদেশী বহুজাতিক কোম্পানীর ষড়যন্ত্রে বৈষম্যমূলকভাবে এ শিল্প ধ্বংস করা হচ্ছে। তারা এদেশের মানুষের ফুসফুস পুড়িয়ে বিদেশে হাজার হাজার কোটি টাকা পাচার করছে। আমরা এষড়যন্ত্রের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। একই সাথে পার্শ্ববর্তী দেশ ভারতের মতো বিড়ি মালিক ও শ্রমিকদের কল্যাণে সামাজিক সুরক্ষা প্রকল্প চালু করার জোর দাবি জানান শ্রমিকরা।

https://barta24.com/details/economics/153851/human-chain-of-bidi-workers-in-barisal-demanding-reduction-of-bidi-tariff